



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পায়রা বন্দর কর্তৃপক্ষ
কলাপাড়া, পটুয়াখালী - ৮৬৫০
www.ppa.gov.bd

নং: ১৮.২১.৭৮৬৬.০০০.০০১.১১.০০৬৩.২৫.৮৭০

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২
০৫ মার্চ ২০২৬

বিষয়: অপেক্ষমাণ তালিকা থেকে নিয়োগের সুপারিশ।

পায়রা বন্দর কর্তৃপক্ষের ১১ ক্যাটাগরির ১৪ টি পদে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত ফলাফল গত ০২ নভেম্বর ২০২৫ তারিখ প্রকাশিত হয়। প্রকাশিত ফলাফলে ল্যান্ড সার্ভেয়ার ও অফিস সহায়ক পদে নির্বাচিত প্রার্থীগণের মধ্য হতে ইস্তফাজনিত কারণে ২টি পদ শূন্য হওয়ায় অপেক্ষমাণ তালিকা হতে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদ্বয়কে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত করা হলো:

ক্রম	পদের নাম	রোল	মন্তব্য
১	ল্যান্ড সার্ভেয়ার	১৫০০৫৯৫	
২	অফিস সহায়ক	১৬০০৪০৫	

২। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণ পায়রা বন্দর কর্তৃপক্ষের ওয়েবসাইট www.ppa.gov.bd থেকে "পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম ডাউনলোড করে ০২ (দুই) পাতা উভয় পৃষ্ঠায় ০২ (দুই) সেট প্রিন্ট নিবেন। উক্ত ০২ (দুই) সেট "পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম" যথাযথভাবে পূরণ করে প্রতি সেটের সাথে পরীক্ষার প্রবেশপত্র, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় সকল সনদ, জাতীয়তা সনদ এবং জাতীয় পরিচয়পত্র প্রভৃতির সত্যায়িত কপি সংযুক্ত করে আগামী ১০ মার্চ ২০২৬ তারিখের মধ্যে একটি খামে সদস্য (প্রশাসন ও অর্থ), পাবক ঢাকা লিয়াজেঁ অফিস: আল-অমিন মিলেনিয়াম টাওয়ার (লেবেল-৭), ৭৫-৭৬ কাকরাইল ঢাকা বরাবর প্রেরণ করবেন। খামের উপর অবশ্যই পদের নাম এবং রোল নম্বর উল্লেখ করতে হবে।

৩। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণের পুলিশ প্রতিবেদন প্রাপ্তির পর নিয়োগপত্র ইস্যু করা হবে। সিভিল সার্জনের দপ্তর থেকে স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন সন্তোষজনক হওয়া সাপেক্ষে নিয়োগপত্র প্রাপ্ত প্রার্থীগণ চাকুরিতে যোগদান করতে পারবেন।

৪। কোন ক্ষেত্রে যাচিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন সময় প্রার্থীর প্রদত্ত সনদসমূহে গুরুতর ত্রুটি দেখা গেলে বা প্রার্থীর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে, যোগদানের পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

মোঃ হারুন-অর-রশীদ (যুগ্মসচিব)
সদস্য (প্রশাসন ও অর্থ)
পায়রা বন্দর কর্তৃপক্ষ

নং- ১৮.২১.৭৮৬৬.০০০.০০১.১১.০০৬৩.২৫.৮৭০

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২
০৫ মার্চ ২০২৬

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

২। ১২তম থেকে ২০তম গ্রেডের পদে নিয়োগের জন্য বিভাগীয় নির্বাচনী কমিটি।

৩। উপপরিচালক (এমআইএস), পায়রা বন্দর কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যান-পাবক মহোদয়ের সদয় অবগতির জন্য।

সদস্য (প্রশাসন ও অর্থ)
পায়রা বন্দর কর্তৃপক্ষ